# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - পাণ্ডুলিপি, প্রামাণ্যতা ও অভ্রান্ততা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ২. ১১. পুরাতন নিয়মের রচনাকাল ও লেখক

পূর্ববর্তী আলোচনা থেকে আমরা দেখছি যে, বাইবেলীয় পুস্তকগুলো যাদের নামে প্রচারিত তাদের লেখা বা সংকলিত বলে প্রমাণিত নয়। পাশ্চাত্য বাইবেল বিশেষজ্ঞরা বলেন যে, যুগ যুগ ধরে নানা অজানা মানুষের সংযোজন, বিয়োজন ও সম্পাদনার মাধ্যমে পুস্তকগুলো বর্তমান অবস্থায় পৌঁছেছে। এ প্রসঙ্গে উইকিপিডিয়ার বাইবেলের লেখকত্ব (Authorship of the Bible) আর্টিকেলের বক্তব্য নিম্নরূপ:

“Few biblical books are regarded by scholars as the product of a single individual; all the books of the Old Testament have been edited and revised to produce the work known today.”

“গবেষকদের মতে বাইবেলীয় পুস্তকগুলোর মধ্যে অতি নগণ্য পুস্তকই কোনো একক ব্যক্তির লেখা। পুরাতন নিয়মের সকল পুস্তকই বারবার সম্পাদনা, সংশোধন ও পুনর্বিবেচনার মাধ্যমে বর্তমানে পরিচিত অবস্থায় পরিণত হয়েছে।”

নিম্নে আমরা ইহুদি-খ্রিষ্টান গবেষক ও পণ্ডিতদের বক্তব্যের আলোকে প্রসিদ্ধ কয়েকটা পুস্তকের অবস্থা আলোচনা করব।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13887

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন